

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

০২ জুন, ২০১৪

তারিখ:-----
১৯ জ্যৈষ্ঠ, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ-২৪ মার্চ, ২০১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার লেটারের ০৫ নম্বর অনুচ্ছেদে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পল্লী এলাকায় অর্থাৎ মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার বাইরে পরিচালনা করতে হবে। এ পর্যায়ে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পল্লী এলাকাসহ পৌরসভা এলাকায়ও পরিচালনা করা যাবে। তবে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন এলাকায় এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা না করার বিষয়টি বহাল থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৪